



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭  
[iau.exam@gmail.com](mailto:iau.exam@gmail.com), [iau.edu.bd](http://iau.edu.bd)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

বাড়ি নং: ১২৪/২২, ব্লক: এ, সড়ক নং: ০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা। ১২০৭

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল পাস পরীক্ষা/২০১৯/ ১৩৩৭

তারিখ : ২৬/০৮/২০১৯ ইং

**বিজ্ঞপ্তি**

ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা ২০১৯-এর  
অলিখিত উত্তরপত্র এবং আনুষঙ্গিক কাগজপত্র বিতরণ প্রসঙ্গে।

ফাজিল (স্নাতক) পাস পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০১৯ উপলক্ষে নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত পরীক্ষার অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র বিতরণ করা হবে।

পরীক্ষার নাম	বিভাগ	বিতরণের তারিখ	বার	বিতরণের স্থান
ফাজিল (স্নাতক) পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ	চট্টগ্রাম ও সিলেট	০২/০৯/২০১৯ ইং	সোমবার	“পরীক্ষা ভবন” ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
	রাজশাহী ও রংপুর	০৩/০৯/২০১৯ ইং	মঙ্গলবার	
	বরিশাল ও খুলনা	০৪/০৯/২০১৯ ইং	বুধবার	
	ঢাকা ও ময়মনসিংহ	০৫/০৯/২০১৯ ইং	বৃহস্পতিবার	

অতএব, উল্লিখিত তারিখে পরীক্ষা কেন্দ্রের জন্য অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে গ্রহণ করার অনুরোধ করা হ'ল। প্রতিনিধির ক্ষেত্রে অবশ্যই Authorization জমা দিতে হবে।

সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে ০৩ (তিন) বা ০৫ (পাঁচ) জন শিক্ষক সমন্বয়ে পরীক্ষা কমিটি গঠন করবেন। পরীক্ষা কমিটির তালিকা জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক /উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর করিয়ে অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণের সময় পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে অবশ্যই জমা দিতে হবে। অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র উল্লেখিত তারিখেই বুঝে ও মিলিয়ে নেওয়ার জন্য অনুরোধ করা হ'ল।

বি: দ্র:- অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে পৌছানোর জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি নিজ দায়িত্বে পরিবহনের ব্যবস্থা করবেন।

  
২৬.৮.১৯


প্রফেসর সিরাজ উদ্দিন আহম্মাদ  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/ ফাজিল পাস পরীক্ষা/২০১৯/

তারিখ: ২৬/৮/২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। ডীন, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়কে অবগত করণের নিমিত্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। ট্রেজারার মহোদয়ের একান্ত সচিব (ট্রেজারার মহোদয়কে অবগত করণের নিমিত্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। আইসিটি শাখা, (ওয়েব সাইটে প্রচার করার জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। অফিস নথি।

  
২৬.৮.২০১৯

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।